



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ, ওয়াসা ভবন



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৭৬

তারিখঃ ২৩/০১/২০২৩

বার্তা সম্পাদক

সকল দৈনিক পত্রিকা সমূহ

ঢাকা।


বিষয়ঃ প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার লিগ্যাল নোটিশ।

গত ০৯ জানুয়ারি, ২০২৩ তারিখে “দৈনিক সমকাল” পত্রিকার প্রথম পাতায় “ওয়াসার তাকসিমের যুক্তরাষ্ট্রে ১৪ বাড়ি!” শিরোনামে প্রকাশিত মিথ্যা ও ভিত্তিহীন সংবাদ প্রকাশের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট পত্রিকার প্রতিবেদকের বিরুদ্ধে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী জনাব তাকসিম এ খান এর পক্ষে একটি লিগ্যাল নোটিশ ইস্যু করা হয়েছে। উল্লেখ্য, এতদ্বিষয়ে ইতিমধ্যেই ঢাকা ওয়াসা থেকে আলোচ্য পত্রিকায় একটি প্রতিবাদ লিপিও প্রেরণ করা হয়েছে, যা অদ্যাবদি পত্রিকাটি প্রকাশ করেনি।

ব্যারিষ্টার এ. এম. মাসুম স্বাক্ষরিত ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখে ইস্যুকৃত এ লিগ্যাল নোটিশে সমকাল সম্পাদক, প্রকাশক ও প্রতিবেদক জনাব হকিকত জাহান হকি কে নোটিশ প্রাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে প্রতিবেদনের সত্যতার প্রমাণাদি সহ এর তথ্যসূত্র উল্লেখ করে জবাব দিতে বলা হয়েছে। অন্যথায় দেশের প্রচলিত আইন অনুযায়ী তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে নোটিশে জানানো হয়েছে।

পরিশেষে, লিগ্যাল নোটিশটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রেস বিজ্ঞপ্তিটি আপনাদের স্বনামধন্য পত্রিকায় প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে


২৩/০১/২০২৩

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।